

## সুনান আবু দাউদ (তাহকিককৃত)

হাদিস নম্বরঃ ৫৭৯

২/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৫৮. কোন ব্যক্তি জামা'আতে সালাত আদায়ের পর অন্যত্র আবার জামা'আত পেলে শরীক হবে কি?

باب إِذَا صَلَّى ثُمَّ أَدْرَكَ جَمَاعَةً أُعِيدُ

আরবী

حَدَّثَنَا أَبُو كَامِلٍ، حَدَّثَنَا يَزِيدُ بْنُ زُرَيْعٍ، حَدَّثَنَا حُسَيْنٌ، عَنْ عَمْرِو بْنِ شُعَيْبٍ، عَنْ سُلَيْمَانَ بْنِ يَسَارٍ، - يَعْنِي مَوْلَى مَيْمُونَةَ - قَالَ أَتَيْتُ ابْنَ عُمَرَ عَلَى الْبِلَاطِ وَهُمْ يُصَلُّونَ فَقُلْتُ أَلَا تُصَلِّي مَعَهُمْ قَالَ قَدْ صَلَّيْتُ إِنِّي سَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ " لَا تُصَلُّوا صَلَاةً فِي يَوْمٍ مَرَّتَيْنِ " .

- حسن صحيح

বাংলা

৫৭৯। সুলায়মান ইবনু ইয়াসার অর্থাৎ মায়মূনাহ্ (রাঃ)-এর মুক্ত দাস সূত্রে বর্ণিত। তিনি বলেন, আমি বালাত নামক স্থানে ইবনু 'উমার (রাঃ)-এর সাথে দেখা করতে এসে লোকদেরকে সালাত আদায়রত পাই। আমি বললাম, আপনি তাদের সাথে সালাত আদায় করছেন না কেন? তিনি বললেন, আমি ইতিপূর্বে সালাত আদায় করেছি। আমি রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে বলতে শুনেছিঃ তোমরা একদিনে কোন সালাত দু'বার আদায় করো না।[1]

হাসান সহীহ।

## English

Narrated Abdullah ibn Umar:

Sulayman, the freed slave of Maymunah, said: I came to Ibn Umar at Bilat (a place in Medina) while the people were praying. I said: Do you not pray along with them? He said: I heard the Messenger of Allah (ﷺ) say: Do not

say a prayer twice in a day.

### ফুটনোট

[1] নাসায়ী (অধ্যায়ঃ ইমামাত, অনুঃ মসজিদে ইমামের সঙ্গে জামা'আতে সালাত আদায় করলে, হাঃ ৮৫৯), আহমাদ (২/১৯), ইবনু খুযাইমাহ (অনুঃ ফারয সালাতের নিয়্যাত করে পুনরায় সালাত আদায়ে নিষেধ, হাঃ ১৬৪১), বায়হাকী 'সুনানুল কুবরা' (৬/৩০৩), সকলে হুসাইন ইবনু জাকওয়ান সূত্রে।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী □ বর্ণনাকারীঃ সুলাইমান ইবনু ইয়াসার (রহঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=57897>

📄 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন